

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, ফেব্রুয়ারি ৮, ২০১৬

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ২৬ মাঘ, ১৪২২/০৮ ফেব্রুয়ারি, ২০১৬

নিম্নলিখিত বিলটি ২৬ মাঘ, ১৪২২/০৮ ফেব্রুয়ারি, ২০১৬ তারিখে জাতীয় সংসদে উত্থাপিত
হইয়াছে:—

বা. জা. স. বিল নং ১৫/২০১৬

এশিয়ান ইনফ্রাস্ট্রাকচার ইনভেস্টমেন্ট ব্যাংক প্রতিষ্ঠার চুক্তি বাস্তবায়নের
উদ্দেশ্যে আনীত বিল

যেহেতু এশিয়ান ইনফ্রাস্ট্রাকচার ইনভেস্টমেন্ট ব্যাংক প্রতিষ্ঠার চুক্তিতে স্বাক্ষর করিয়া
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ উহাতে প্রতিষ্ঠাতা সদস্য হইয়াছে; এবং

যেহেতু চুক্তি বাস্তবায়নসহ ব্যাংকের সদস্য হিসাবে দায়-দায়িত্ব পালনকল্পে ও আনুষঙ্গিক বিষয়ে
বিধান করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল:—

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই আইন এশিয়ান ইনফ্রাস্ট্রাকচার ইনভেস্টমেন্ট
ব্যাংক আইন, ২০১৬ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

(১১৬৭)

মূল্য : টাকা ৮.০০

২। সংজ্ঞা।— বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই আইনে—

- (১) “চুক্তি” অর্থ এশিয়ান ইনফ্রাস্ট্রাকচার ইনভেস্টমেন্ট ব্যাংক প্রতিষ্ঠার Articles of Agreement;
- (২) “ব্যাংক” অর্থ চুক্তির অধীন প্রতিষ্ঠিত এশিয়ান ইনফ্রাস্ট্রাকচার ইনভেস্টমেন্ট ব্যাংক;
- (৩) “সদস্য” অর্থ ব্যাংকের সদস্য।

৩। আর্থিক সংস্থান।—(১) চুক্তির Article 5 ও 6 এর অধীন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের পক্ষে প্রদেয় প্রয়োজনীয় সমুদয় অর্থ সংযুক্ত তহবিল হইতে প্রদত্ত হইবে।

(২) চুক্তি অনুসারে ব্যাংক হইতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ কর্তৃক প্রাপ্ত সকল অর্থ সংযুক্ত তহবিলে জমা হইবে।

৪। ব্যাংকের আমানতদার।—বাংলাদেশে অবস্থিত উক্ত ব্যাংকের ধারণকৃত বাংলাদেশি মুদ্রা বা অন্যান্য পরিসম্পদের আমানতদার (depository) হইবে বাংলাদেশ ব্যাংক।

৫। চুক্তির কতিপয় বিশেষ বিধানের আইনের মর্যাদা।—(১) আপাততঃ বলবৎ অন্য কোনো আইনে ভিন্নতর যাহা কিছুই থাকুক না কেন, এই আইনের সহিত সংযোজিত তফসিলে বিধৃত চুক্তির Chapter IX এর বিধানাবলী বাংলাদেশের আইনের ক্ষমতার মর্যাদাসম্পন্ন হইবে:

তবে শর্ত থাকে যে, চুক্তির Chapter IX এর Article 51 এর Exemption from Taxation সংক্রান্ত বিধানের এমন কোন ব্যাখ্যা করা যাইবে না যাহা—

- (ক) ব্যাংক কর্তৃক কোনো প্রকার পণ্য শুল্কমুক্তভাবে আমদানি করা হইলে পরবর্তীতে কোনো নিয়ন্ত্রণ ছাড়া বাংলাদেশে উহা বিক্রয়ের অধিকার বর্তায়; অথবা
- (খ) বিক্রীত পণ্যের মূল্যের অংশ হিসাবে ব্যাংককে শুল্ক বা কর হইতে অব্যাহতি প্রদান করে বা প্রদত্ত সেবার মূল্যের অধিক হয়।

(২) সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, পরবর্তীতে যথাযথভাবে প্রণীত ও গৃহীত চুক্তির সংশোধনীর সহিত সামঞ্জস্য রাখিয়া এই আইনের সহিত সংযোজিত তফসিল সংশোধন করিতে পারিবে।

৬। চুক্তির অধীন বাধ্যবাধকতা এবং দায়িত্ব পালনে পদক্ষেপ গ্রহণের ক্ষমতা।—সরকার চুক্তির অধীন আর্থিক বাধ্যবাধকতা ও দায়িত্ব পালনে বিবেচ্য প্রয়োজনীয় সকল পদক্ষেপ এবং সব ধরনের ব্যবস্থা গ্রহণ করিবে।

৭। বিধি প্রণয়নের ক্ষমতা।—সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, বিধি প্রণয়ন করিতে পারিবে।

৮। ইংরেজীতে অনূদিত পাঠ প্রকাশ।—(১) এই আইন প্রবর্তনের পর সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই আইনের ইংরেজীতে অনূদিত একটি নির্ভরযোগ্য পাঠ প্রকাশ করিবে।

(২) বাংলা পাঠ ও ইংরেজী পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে বাংলা পাঠ প্রাধান্য পাইবে।

তফসিল

(ধারা ৫ দ্রষ্টব্য)

Provisions of the Agreement which shall have the force of law.

CHAPTER IX

Status, Immunities, Privileges and Exemptions

ARTICLE 44

Purposes of Chapter

1. To enable the Bank to fulfill its purpose and carry out the functions entrusted to it, the status, immunities, privileges and exemptions set forth in this Chapter shall be accorded to the Bank in the territory of each member.
2. Each member shall promptly take such action as is necessary to make effective in its own territory the provisions set forth in this Chapter and shall inform the Bank of the action which it has taken.

ARTICLE 45

Status of the Bank

The Bank shall possess full juridical personality and, in particular, the full legal capacity:

- (i) to contract;
- (ii) to acquire, and dispose of, immovable and movable property;
- (iii) to institute and respond to legal proceedings; and
- (iv) to take such other action as may be necessary or useful for its purpose and activities.

ARTICLE 46

Immunity from Judicial proceedings

1. The Bank shall enjoy immunity from every form of legal process, except in cases arising out of or in connection with the exercise of its powers to raise

funds, through borrowings or other means, to guarantee obligations, or to buy and sell or underwrite the sale of securities, in which cases actions may be brought against the Bank only in a court of competent jurisdiction in the territory of a country in which the Bank has an office, or has appointed an agent for the purpose of accepting service or notice of process, or has issued or guaranteed securities.

2. Notwithstanding the provisions of paragraph 1 of this Article, no action shall be brought against the bank by any member, or by any agency or instrumentality of a member, or by any entity or person directly or indirectly acting for or deriving claims from a member or from any agency or instrumentality of a member. Members shall have recourse to such special procedures for the settlement of controversies between the Bank and its members as may be prescribed in this Agreement, in the by-laws and regulations of the Bank, or in the contracts entered into with the Bank.

3. Property and assets of the Bank shall, wheresoever located and by whomsoever held, be immune from all forms of seizure, attachment or execution before the delivery of final judgment against the bank.

ARTICLE 47

Immunity of Assets and Archives

1. Property and assets of the Bank, wheresoever located and by whomsoever held, shall be immune from search, requisition, confiscation, expropriation or any other form of taking or foreclosure by executive or legislative action.

2. The archives of the Bank, and, in general, all documents belonging to it, or held by it, shall be inviolable, wheresoever located and by whomsoever held.

ARTICLE 48

Freedom of Assets from Restrictions

To the extent necessary to carry out the purpose and functions of the Bank effectively, and subject to the provisions of this Agreement, all property and assets of the Bank shall be free from restrictions, regulations, controls and moratoria of any nature.

ARTICLE 49

Privilege for Communications

Official communications of the Bank shall be accorded by each member the same treatment that it accords to the official communications of any other member.

ARTICLE 50

Immunities and Privileges of Officers and Employees

All Governors, Directors, Alternates, the President, Vice-Presidents and other officers and employees of the Bank, including experts and consultants performing missions or services for the Bank:

- (i) shall be immune, from legal process with respect to acts performed by them in their official capacity, except when the Bank waives the immunity and shall enjoy inviolability of all their official papers, documents and records ;
- (ii) where they are not local citizens or nationals, shall be accorded the same immunities from immigration restrictions, alien registration requirements and national service obligations, and the same facilities as regards exchange regulations, as are accorded by members to the representatives, officials and employees of comparable rank of other members ; and
- (iii) shall be granted the same treatment in respect of travelling facilities as is accorded by members to representatives, officials and employees of comparable rank of other members.

ARTICLE-51**Exemption from Taxation**

1. The Bank, its assets, property, income and its operation and transactions pursuant to this Agreement, shall be exempt from all taxation and from all customs duties. The Bank shall also be exempt from any obligation for the payment, withholding or collection of any tax or duty.

2. No tax of any kind shall be levied on or in respect of salaries, emoluments and expenses, as the case may be, paid by the Bank to Directors, Alternate Directors, the President, Vice-Presidents and other officers or employees of the Bank, including experts and consultants performing missions or services for the Bank, except where a member deposits with its instrument of ratification, acceptance, or approval a declaration that such member retains for itself and its political subdivisions the right to tax salaries, and emoluments, as the case may be, paid by the Bank to citizens or nationals of such member.

3. No tax of any kind shall be levied on any obligation or security issued by the Bank, including any dividend or interest thereon, by whomsoever held:

- (i) which discriminates against such obligation or security solely because it is issued by the Bank; or

- (ii) if the sole jurisdictional basis for such taxation is the place or currency in which it is issued, made payable or paid, or the location of any office or place of business maintained by the Bank.

4. No tax of any kind shall be levied on any obligation or security guaranteed by the Bank, including any dividend or interest thereon, by whomsoever held:

- (i) which discriminates against such obligation or security solely because it is guaranteed by the Bank; or
- (ii) if the sole jurisdictional basis for such taxation is the location of any office or place of business maintained by the Bank.

ARTICLE 52

Waivers

1. The Bank at its discretion may waive any of the privileges, immunities and exemptions conferred under this Chapter in any case or instance, in such manner and upon such conditions as it may determine to be appropriate in the best interests of the Bank.

উদ্দেশ্য ও কারণ সম্বলিত বিবৃতি

এশিয়ার ভৌত অবকাঠামো উন্নয়নে সহায়তা প্রদানের লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী চীন Asian Infrastructure Investment Bank (AIIB) প্রতিষ্ঠার উদ্যোগ গ্রহণ করে। AIIB'র প্রতিষ্ঠাতা সদস্যদেশ ৫৭টি। AIIB-তে প্রতিষ্ঠাতা সদস্য হিসেবে যোগদানের লক্ষ্যে বাংলাদেশ বিগত ২৪ অক্টোবর ২০১৪ তারিখে MoU এবং ২৯ জুন ২০১৫ তারিখে Articles of Agreement (AoA) স্বাক্ষর করে। বিগত ২৫ ডিসেম্বর ২০১৫ তারিখ হতে AIIB'র AoA কার্যকর হয়েছে।

২। এই ব্যাংকের উদ্দেশ্য হচ্ছে প্রধানতঃ অবকাঠামো এবং অন্যান্য উৎপাদনশীল খাতে বিনিয়োগের মাধ্যমে এশিয়ার টেকসই উন্নয়ন, সম্পদ সৃষ্টি এবং যোগাযোগ অবকাঠামো উন্নয়নে উৎসাহিত করা এবং দ্বিপক্ষীয় ও বহুপক্ষীয় উন্নয়ন প্রতিষ্ঠানের সাথে ঘনিষ্ঠ যোগাযোগের মাধ্যমে কাজ করে আঞ্চলিক সহযোগিতা ও অংশীদারিত্ব বৃদ্ধির মাধ্যমে উন্নয়ন চ্যালেঞ্জ মোকাবিলা করা। আইবিআরডি (বিশ্ব ব্যাংক) অথবা এডিবি-এর সদস্যভুক্ত দেশের জন্য এই ব্যাংকের সদস্যপদ উন্মুক্ত। এই ব্যাংকের অনুমোদিত মূলধন ১০০ বিঃ মাঃ ডলার। Paid-in-Shares ২০ বিঃ মাঃ ডলার এবং Callable Share ৮০ বিঃ মাঃ ডলার। চুক্তির Schedule অনুযায়ী ১০০ বিঃ মাঃ ডলার অনুমোদিত মূলধনের মধ্যে ৭৫ বিলিয়ন আঞ্চলিক দেশসমূহের জন্য এবং ২৫ বিলিয়ন আঞ্চলিক ব্যতীত দেশসমূহের জন্য বরাদ্দ। বাংলাদেশের মোট শেয়ারের পরিমাণ ৬,৬০৫ (প্রতিটি ১.০০ লক্ষ মাঃ ডলার মূল্যমান) এবং চাঁদার পরিমাণ ৬৬০.৫০ মিঃ মাঃ ডলার যার ২০% Paid-in হিসাবে বাংলাদেশের প্রদেয় চাঁদার পরিমাণ ১৩২.১০ মিঃ মাঃ ডলার (১০৫৬.৮০ কোটি টাকা)। যা ১০ কিস্তিতে পরিশোধযোগ্য। প্রতি কিস্তিতে ১৩.২১ মিঃ মাঃ ডলার (অর্থাৎ প্রায় ১০৫.৬৮ কোটি টাকা) পরিশোধ করতে হবে।

৩। Articles of Agreement (AoA) এর Article 58 অনুযায়ী চুক্তি অনুসমর্থন করতে হবে এবং তদনুযায়ী ব্যাংকের সদস্য হওয়া যাবে। ব্যাংকের সদস্য হওয়ার প্রেক্ষিতে বেশ কিছু দায়দায়িত্ব বাংলাদেশের উপর বর্তাবে এবং AoA টি কার্যকর করার জন্য নতুন আইন প্রণয়ন করতে হবে। উল্লেখ্য, ইতোপূর্বে IBRD এবং IMF-এর জন্য The International Financial Organization Order 1972, ADB-এর জন্য The Asian Development Bank Order, 1973, IDB-এর জন্য The Islamic Development Bank Act, 1975 এবং সর্বশেষ ইন্টারন্যাশনাল ফিনান্স কর্পোরেশন-এর জন্য ইন্টারন্যাশনাল ফিনান্স কর্পোরেশন আইন, ২০১৫ প্রণয়ন করা হয়েছে। এ প্রেক্ষিতে উল্লিখিত আইনসমূহের সাথে সামঞ্জস্য রেখে “এশিয়ান ইনফ্রাস্ট্রাকচার ইনভেস্টমেন্ট ব্যাংক আইন, ২০১৬” প্রণয়নের জন্য প্রস্তাব করা হয়েছে।

আবুল মাল আবদুল মুহিত
ভারপ্রাপ্ত মন্ত্রী।

ড. মোঃ আবদুর রব হাওলাদার
সচিব।